

PRINT

## সমকাল

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অবিরাম ধর্মঘট শুরু আজ

ঢাকায় মহাসমাবেশ বুধবার

১০ ঘণ্টা আগে

### সমকাল প্রতিবেদক

জাতীয়করণসহ ১১ দফা দাবিতে আজ রোববার সারাদেশে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অবিরাম ধর্মঘট শুরু হচ্ছে। এই দাবিতে গত জানুয়ারিতে শিক্ষকদের কর্মবিরতির পরও সরকারের পক্ষ থেকে কোনো উদ্যোগ না নেওয়ায় অবিরাম ধর্মঘটের ডাক দিল 'শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটি'।

কমিটির সমন্বয়কারী অধ্যক্ষ আসাদুল হক শনিবার রাতে সমকালকে বলেন, বেসরকারি শিক্ষক-কর্মচারীদের পিঠ দেয়ালে ঠেকে গেছে। দীর্ঘদিন রাজপথে থাকলেও তাদের দাবি পূরণ করা হয়নি। তাই বাধ্য হয়েই অবিরাম ধর্মঘটে যাচ্ছেন তারা। আগামী বুধবার ঢাকায় শিক্ষক মহাসমাবেশ করা হবে। এ সময়ের মধ্যে সরকারের তরফে কোনো আলোচনার প্রস্তাব দেওয়া হলে তারা আলোচনায় বসবেন। তবে সরকারের পক্ষ থেকে কোনো ঘোষণা দেওয়া হলে তা ওই মহাসমাবেশেই দিতে হবে।

১৪ মার্চের মহাসমাবেশ সফল করতে শিক্ষকদের এই মোচা গত ১ ফেব্রুয়ারি থেকে ৮ মার্চ পর্যন্ত সকল জেলা-উপজেলায় বিভিন্ন সাংগঠনিক কার্যক্রম পরিচালনা করেছেন। এর মধ্যে ১৬ ফেব্রুয়ারি ঢাকায় জেলা প্রতিনিধিদের মতবিনিময় এবং সব উপজেলায় শিক্ষক-কর্মচারী সমাবেশ ও বিক্ষোভ মিছিল করা হয়েছে। অবিরাম ধর্মঘট চলাকালে আগামীকাল ১২ মার্চ সব জেলায় শিক্ষক-কর্মচারী সমাবেশ ও বিক্ষোভ মিছিল করা হবে।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)